

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২২১৬

তারিখ

৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ জুন ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬০৬ তম কমিশন সভা অদ্য ১৩/০৬/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন aamra networks limited এর ১,৫০,৪১,২০৯ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করে ৫৬ কোটি ২৫ লক্ষ টাকা উত্তোলনের প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। উল্লেখ্য Book building পদ্ধতিতে Electronic bidding এর মাধ্যমে কোম্পানীটির প্রতিটি ১০ (দশ) টাকা অভিহিত মূল্যের সাধারণ শেয়ারের cut off price ৩৯ (উনচল্লিশ) টাকা নির্ধারিত হয়। মোট ইস্যুকৃত শেয়ারের ৬০% অর্থাৎ ৯০,১৪,৪২৩ টি সাধারণ শেয়ার যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী (EIs) -দের অনুকূলে প্রতিটি শেয়ার ৩৯ (উনচল্লিশ) টাকা মূল্যে ইস্যু করা হবে। সাধারণ বিনিয়োগকারীদের জন্য অবশিষ্ট ৪০% অর্থাৎ ৬০,২৬,৭৮৬ টি সাধারণ শেয়ার ১০% discount মূল্যে শেয়ার প্রতি ৩৫ টাকা মূল্য নির্ধারণ করা হয়। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৫৬ কোটি ২৫ লক্ষ টাকা উত্তোলন করে ব্যাংক ঋণ পরিশোধ, ব্যবসা সম্প্রসারণ, ডাটা সেন্টার ও Wi-Fi Hotspot স্থাপন এবং প্রাথমিক গণপ্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ২১.৯৮ এবং বিগত ৫ বছরের weighted average শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৫২। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে LankaBangla Investments Limited।
২. Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর সংশোধনী প্রস্তাব কিছু পরিবর্তন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। উল্লেখযোগ্য সংশোধনীসমূহ নিম্নরূপ:

### Fixed Price Method -এ Public Issue এর ক্ষেত্রে-

- ইস্যুয়ার কোম্পানীর সর্বশেষ বছরের Net profit after tax এবং net operating cash flow ধনাত্মক (positive) থাকতে হবে- পূর্বে উহা ২ (দুই) বছরের জন্য ছিল।
- কোন Eligible Investor উহাদের জন্য মোট বরাদ্দকৃত শেয়ারের ২% এর বেশী শেয়ারের জন্য আবেদন করতে পারবে না।
- Eligible Investor গণ এখন স্টক এক্সচেঞ্জে আইপিও আবেদন জমা দিবে।

### Book Building Method -এ Public Issue এর ক্ষেত্রে-

- ইস্যুয়ার কোম্পানীকে পাবলিক অফারের মাধ্যমে কমপক্ষে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা উত্তোলন করতে হবে।
- ইস্যুয়ার কোম্পানীর কমপক্ষে ৩০ (ত্রিশ) কোটি টাকা পরিশোধিত মূলধন থাকতে হবে, যা পূর্বে ১৫ (পনের) কোটি টাকা ছিল।
- Cut-off Price নির্ধারণের ক্ষেত্রে কোন Eligible Investor উহাদের জন্য বরাদ্দকৃত শেয়ার কোটার ২% এর বেশী শেয়ারের জন্য Quote করতে পারবে না, যা পূর্বে ১০% ছিল।

রিপন কুমার দেবনাথ  
পরিচালক